

প্রধানমন্ত্রীর সঙ্গে চবি উপাচার্যের সাক্ষাত

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ।
প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে
সাক্ষাত করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের
শিক্ষা গবেষণা, শিক্ষক ও
শিক্ষার্থীদের সমস্যা এবং সুযোগ-
সুবিধা বৃদ্ধি, তথ্য-প্রযুক্তির সুবিধা
সম্প্রসারণ, সেশনজট নিরসনে
কার্যকর পদক্ষেপ, শিল্প-সাহিত্য ও
সংস্কৃতি চর্চা, পরিবেশ সৃষ্টি,
প্রশাসনিক কার্যক্রমে গতিশীলতা
এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা
নিশ্চিতকরণসহ সার্বিক বিষয়
অবহিত করেছেন উপাচার্য প্রফেসর
ড. ইফতেখার উদ্দিন চৌধুরী।
চবি উপাচার্য বিশ্ববিদ্যালয়কে মহান
মুক্তিযুদ্ধের নিউক চেতনায়
উজ্জীবিত বিশ্বমানের ক্যাম্পাসে
রূপান্তর করতে তার অভিপ্রায় এবং
দৃঢ় প্রত্যয়ের কথা প্রধানমন্ত্রীকে
জানান এবং তা বাস্তবায়নে
পৃষ্ঠপোষকতা কামনা করেন।
উপাচার্য প্রধানমন্ত্রীর সুযোগ্য ও
গতিশীল নেতৃত্বে জাতির জনক
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
বপের 'সোনার বাংলা' প্রতিষ্ঠার
সংগ্রামে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার
দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন। প্রধানমন্ত্রী
বিশ্ববিদ্যালয় পরিচালনায় বিভিন্ন
কার্যক্রমের ভবিষ্যত পরিকল্পনার
কথা জেনে পরিকল্পনাসমূহ
বাস্তবায়নে দিকনির্দেশনা প্রদান
করেন। চবি উপাচার্য আগামী
জানুয়ারিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের
সুবর্ণজয়ন্তী অনুষ্ঠান উদযাপনের
বিষয়ে প্রধানমন্ত্রীর দিকনির্দেশনা এবং
এতে প্রধানমন্ত্রীর উপস্থিতি কামনা
করেন।